# কাফ | Qaf | ق

আয়াতঃ ৫০ : ১২

## আরবি মূল আয়াত:

كَذَّبَت قَبلَهُم قَومُ نُوحٍ وَّ اَصحٰبُ الرَّسِّ وَ ثَمُودُ ﴿۱۲﴾

## অনুবাদসমূহ:

তাদের পূর্বে সত্য প্রত্যাখ্যান করেছিল নূহের সম্প্রদায়, রাস্ এর অধিবাসী ও সামূদ সম্প্রদায়। — আল-বায়ান

এদের আগে সত্যকে মেনে নিতে অস্বীকার করেছিল নূহের জাতি, রাস্স ও সামুদ জাতি, — তাইসিরুল

তাদের পূর্বেও সত্য প্রত্যাখ্যান করেছিল নূহের সম্প্রদায়, রা'স ও সামূদ সম্প্রদায় – — মুজিবুর রহমান

The people of Noah denied before them, and the companions of the well and Thamud — Sahih International

১২. তাদের আগেও মিথ্যারোপ করেছিল নূহের সম্প্রদায়, রাস্ এর অধিবাসী(১) ও সামূদ সম্প্রদায়,

(১) সূরা আল-ফুরকানের ৩৮ নং আয়াতের ব্যাখ্যায় ‘রাস’ এর সম্প্রদায় সম্পর্কে আলোচনা চলে গেছে।

তাফসীরে জাকারিয়া

(১২) তাদের পূর্বেও মিথ্যাজ্ঞান করেছিল নূহ এর সম্প্রদায়, রাস্[1] ও সামূদ সম্প্রদায়,

[1] রাস্ সম্প্রদায়ের নির্দিষ্টীকরণের ব্যাপারে মুফাসসেরদের মাঝে বড়ই মতভেদ রয়েছে। ইমাম ইবনে জারীর ত্বাবারী সেই উক্তিটিকেই প্রাধান্য দিয়েছেন, যাতে তাদেরকে ‘আসহাবুল উখদূদ’ (কুন্ডের অধিপতি) বলা হয়েছে; যার আলোচনা সূরা বুরূজে (৪নং আয়াতের টীকায়) করা হয়েছে। (বিস্তারিত জানার জন্য দ্রষ্টব্যঃ তফসীর ইবনে কাসীর ও ফাতহুল ক্বাদীর, সূরা ফুরকান ৩৮নং আয়াতের তফসীর)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4642

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন